তারিখ ... 08 MAY 1997 ...
পৃষ্ঠা ১১ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

৬৪

## সরকারী মাধ্যমিক শিক্ষকদের ১০ দফা বাস্তবায়নের দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি সংগ্রাম পরিষদ জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা প্রদান, স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর চালুকরণ, কৃষি শিক্ষকদের সহকারী শিক্ষকের মর্যাদা প্রদানসহ ১০ দফা দাবী অবিলম্বে বাস্তবায়নের আহ্বান জানান হইয়াছে। অন্যথায় বৃহত্তর শিক্ষক আন্দোলন গড়িয়া তোলা হইবে। গত মঙ্গলবার অনুষ্ঠিত এই সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগ্রাম পরিষদের আহ্বায়ক ও শিক্ষক সমিতির মহাসচিব মোঃ নজরুল ইসলাম। লিখিত বক্তব্যে বলা হয়, দাবী বাস্তবায়ন ও শিক্ষক-নেতাদের হয়রানিমূলক বদলী বাতিলের জন্য সারা দেশের সরকারী মাধ্যমিক শিক্ষকরা সোচ্চার এবং ১৫১ সদস্যবিশিষ্ট একটি কেন্দ্রীয় কমিটি গঠিত হইয়াছে।

সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।